

দিনাজপুর জুবিলী উচ্চ বিদ্যালয়
অনলাইন অর্ধ-বার্ষিক পরীক্ষা-২০২০
শ্রেণি : পঞ্চম
বিষয় : হিন্দুধর্ম ও নৈতিক শিক্ষা

সময় : ২ ঘণ্টা ৩০ মিনিট

পূর্ণমান : ১০০

১। নিচের প্রশ্নগুলোর সংক্ষেপে উত্তর দাও :

১৫ × ২ = ৩০

- ক) ব্রাহ্মণ কীভাবে পরিবারের জন্য খাদ্য সংগ্রহ করতেন ?
খ) আমরা কার সেবা করে কৃতজ্ঞতা প্রকাশ করি ?
গ) কুঠারের আঘাতে পরশুরাম কাকে হত্যা করেন ?
ঘ) হিন্দুধর্মের ধর্মগ্রন্থগুলোতে কী আছে ?
ঙ) হিন্দুধর্মের অপর নাম কী ?
চ) নিত্যকর্ম কী ?
ছ) ব্রহ্মের আরেক নাম কী ?
জ) স্বামী প্রণবানন্দ কবে, কোথায় জন্মগ্রহণ করেন ?
ঝ) 'যত মত তত পথ'-কথাটি কে বলেছেন ?
ঞ) আমেরিকায় ধর্ম মহাসভার সভাপতির নাম কী ?
ট) বেঁচে থাকার জন্য আমরা কী কী ?
ঠ) গোমুখাসনের একটি উপকারিতা বর্ণনা কর।
ড) দেশপ্রেমের গৌরবে কে স্মরণীয় হয়ে রইলেন ?
ঢ) মহালয়া উপলক্ষে কীসের আয়োজন করা হয় ?
ণ) মানুষ মানুষকে কীসের দৃষ্টিতে দেখবে ?

২। সঠিক শব্দ দিয়ে শূন্যস্থান পূরণ কর : (যেকোনো ১২টি)

১২ × ১ = ১২

- ক) ধর্মদেব এসেছিলেন অতিথি।
খ) ঈশ্বর যখন জগতের মঙ্গল করেন তখন তাকে বলা হয়।
গ) প্রতিদিন তিন বার উপাসনা করা কতর্বা।
ঘ) 'মোক্ষ' শব্দের অর্থ।
ঙ) মুনি-ঋষিগণ একে সংহত করেন বলে 'বেদ'কে বলা হয়।
চ) হ্যামিলটনের বাড়িতে আশ্রিত থেকে পড়াশুনা করেন।
ছ) মানুষের সাথে মানুষের ভিন্নতা বৈশিষ্ট্যে।
জ) অন্যের মতকে মেনে নেওয়া, শ্রদ্ধা করাকে বলে।
ঝ) বিশিষ্ট ব্রহ্মর্ষিশ্রেণির ছিলেন।
ঞ) করলে মস্তিষ্কের ধারণ ক্ষমতা বাড়ে।
ট) অত্যন্ত সক্রিয়, সবল ও কর্মঠ হয় সর্বাঙ্গাসন অনুশীলনে।

ঠ) আত্মমর্যাদার উৎস।

ড) হিন্দুধর্ম পৃথিবীর ধর্ম।

ঢ) আমাদের সৃজন, পালন ও সংহার কর্তা।

৩। বামপাশের বাক্যাংশের সাথে ডানপাশের বাক্যাংশ মিল কর :

৫ × ২ = ১০

বামপাশ	ডানপাশ
ক) ব্রাহ্মণের পরিবারে চারজন	ধর্মক্ষেত্রও বলা হয়।
খ) গাছপালা	প্রাণের উৎস্বরূপ।
গ) কুরুক্ষেত্রকে	সৃষ্টি করেছেন।
ঘ) ঈশ্বর সকল	ছাত্তু বানিয়েছিলেন।
ঙ) ঈশ্বর জীব ও জগৎ	ধর্মগ্রন্থের অন্তর্গত।
	সদস্য ছিল।
	রোপণ করেন।

৪। নিচের প্রশ্নগুলোর উত্তর লিখ : (যেকোনো ৮টি)

৬ × ৮ = ৪৮

- ক) ঈশ্বর, আত্মা ও জীবের মধ্যে যে সম্পর্ক তা তিনটি বাক্যে লিখ। ঈশ্বর সম্পর্কে তুমি কী বুঝ? দুইটি বাক্যে লিখ।
খ) রাজা উত্তানপাদের দুই স্ত্রীর নাম কী? দুই পুত্রের নাম এবং ধ্রুবর মায়ের নাম কী? হরিভক্ত ধ্রুব উপাখ্যান থেকে আমরা কী শিক্ষা পাই? এ সম্পর্কে তিনটি বাক্য লিখ।
গ) হিন্দুধর্মের আরেক নাম কী? হিন্দুদের তীর্থক্ষেত্রগুলো কীভাবে গড়ে উঠেছে? দিনাজপুরের কান্তজি মন্দিরগাত্রে কী খোদাই করা আছে?
ঘ) তোমার বাবার বন্ধু তোমার বাড়িতে বেড়াতে এসেছেন, তুমি তাকে কীভাবে গ্রহণ করবে-এ সম্পর্কে পাঁচটি বাক্য লিখ।
ঙ) হৃদিতা কাউকে হিংসা করে না-নিজের কল্যাণ না ভেবে অপরের মঙ্গল চিন্তা করে। হৃদিতার এমন আচরণের কারণ ব্যাখ্যা করো।
চ) কুরুক্ষেত্র কী? দরিদ্র ব্রাহ্মণ কোথায় বাস করতেন? ব্রাহ্মণের পারিবারিক বিবরণ তিনটি বাক্যে তুলে ধর।
ছ) নিত্যকর্ম কী? আমরা কেন নিত্যকর্ম করব? নিত্যকর্ম অনুশীলনে আমরা কী সুফল পাই-তিনটি বাক্যে উল্লেখ করো।
জ) দেশের প্রতি ভালোবাসা আমি কীভাবে প্রকাশ করব এ সম্পর্কে পাঁচটি বাক্য লিখ।
ঝ) ঐতিহ্য কাকে বলে? নিজ ধর্মের ঐতিহ্য অন্যদের নিকট কীভাবে প্রকাশ করবে এ সম্পর্কে চারটি বাক্য লিখ।
ঞ) পরোপকার কী? তুমি কী পরোপকারী হতে চাও? তুমি কেন পরোপকারী হতে চাও সে সম্পর্কে তিনটি বাক্য লিখ।